

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৯-১০-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৫-১০-২০২৩ থেকে ০৮-১০-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

০৫ অক্টোবর: পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অতি সক্রিয় ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও ও মালদা জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার অনেক জায়গায়, মুর্শিদাবাদ জেলার কয়েক জায়গায় এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও হুগলী জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): বাগরাকোট, মালদা:১২; লছিপুর: ১০; দুর্গাপুর, আমতলা, চিত্তরঞ্জন: ৭; দার্জিলিং, মাঝিয়ান, বাঁকুড়া, আসানসোল:৬; কালিম্পাও, বারোবিশা, বালুরঘাট, বাঁকুড়া, আসানসোল, বার্নপুর,কান্দি:৫; মাথাভাঙ্গা, চম্পাসারি, গাজোলডোবা, ফুলবেড়িয়া:৪

০৬ অক্টোবর: পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : বনগাঁ: ৬; বাগরাকোট, সিঙ্গুর: ৫; নলহাটি, হরিণঘাটা:৪; বহরমপুর, বসিরহাট, ব্যারাকপুর:৩; বক্সাদুয়ার, মাঝিয়ান, বর্ধমান, কাকদ্বীপ, ডায়মন্ড হারবার:২

০৭ অক্টোবর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : বালুরঘাট:৬

০৮ অক্টোবর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : ঝালং:৬; বাগডোগরা:৫; সেবক:২

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭১ থেকে ৮১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৬ থেকে ৮৫ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ০৮ই অক্টোবর দমদমে ৩৫.৮ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ০৫ ও ০৭ ই অক্টোবর পুরুলিয়া তে ২৩.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (০৯ অক্টোবর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা,

পূর্ব মেদিনীপুর ও নদীয়া জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

দিন ২ (১০ অক্টোবর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

দিন ৩ (১১ অক্টোবর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

দিন ১ (০৯ অক্টোবর)-

কোনো সতর্কবার্তা নেই।

দিন ২ (১০ অক্টোবর)-

কোনো সতর্কবার্তা নেই

দিন ৩ (১১ অক্টোবর)-

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুকান্ত সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

০৯-১০-২৩